# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

২০: অকাল প্রসূত ভ্রূণের (গর্ভচ্যুত অসম্পূর্ণ সন্তান) জানাযা পড়তে হবে কি না?

অসম্পূর্ণ সন্তানকে রূহ প্রদানের আগেই সে গর্ভচ্যুত হলে তার জানাযা পড়তে হবে না। উল্লেখ্য যে, গর্ভধারণের চার মাসে রূহ বা আত্মা প্রদান করা হয়। ইবনে মাসঊদ রাদিয়াল্লাহু 'আনহু বলেন, রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেন, 'তোমাদের যে কাউকে তার মায়ের গর্ভে চল্লিশ দিন পর্যন্ত শুক্র অবস্থায় রাখা হয়। তারপরের চল্লিশ দিনে সে রক্তপিণ্ডে পরিণত হয়। তৎপরবর্তী চল্লিশ দিনে মাংসপিণ্ডে পরিণত হয়। অতঃপর তার কাছে ফেরেশতা পাঠানো হয়, তিনি তাতে আত্মার সঞ্চার করেন এবং তাকে চারটি বিষয়ে নির্দেশ দেওয়া হয়ঃ তার রিযিক্ব, তার আয়ূ, তার আমল এবং সে সৌভাগ্যবান হবে নাকি দুর্ভাগা'।[1]

কিন্তু গর্ভচ্যুত অপূর্ণাঙ্গ সন্তানের পেটে আসা যদি চার মাস পূর্ণ হয়, তাহলে তাকে গোসল করাতে হবে, কাফন পরাতে হবে। অনুরূপভাবে তার জানাযা ছালাত পড়াতে হবে এবং মুসলিমদের সাথে ক্ববরস্থানে তাকে দাফন করতে হবে। আর চার মাস পূর্ণ না হলে গোসল, কাফন, জানাযা কোনটাই করতে হবে না এবং তাকে যেকোন জায়গায় দাফন করলে চলবে।

## ফুটনোট

[1]. বুখারী, 'সৃষ্টির প্রারম্ভ' অধ্যায়, হা/৩২০৮; মুসলিম, 'তাক্বদীর' অধ্যায়, হা/২৬৪৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1677

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন